দৈনিক
ইত্তেফাক

22 OCT 2016
পৃ-7 কলাম-6

# দুমকির ৮টি শিক্ষা প্রতিষ্ঠান দেড়যুগেও এমপিওভুক্ত হয়নি

■ দুমকি (পটুয়াখালী) সংবাদদাতা

পটুয়াখালীর দুমকি উপজেলার ৮টি শিক্ষা প্রতিষ্ঠান দেড়যুগেও এমপিওভুক্ত হয়নি। এমপিওভুক্ত না হওয়ার কারণে শিক্ষকরা মানবেতর জীবনযাপন করছে।

দুমকির নাসিমা কেরামত আলী মহিলা কলেজ, দুমকি টেকনিক্যাল বিএম মহিলা কলেজের কৃষি ডিপ্লোমা শাখা, দক্ষিণ বঙ্গ কৃষি ও ফিসারিজ ইনিস্টিটিউট, কদমতলা কলেজ, পাংগাশিয়া কলেজ, বাশবুনিয়া মেহেরুন্নেচ্ছা মাধ্যমিক বালিকা বিদ্যালয় শাখা, উত্তর শ্রীরামপুর মাধ্যমিক বিদ্যালয়ের ভোকেশনাল শাখা, পশ্চিম লেবুখালী দাখিল মাদ্রাসার শিক্ষক কর্মচারীরা দেড়যুগ ধরে মানবেতর জীবন কাটাচ্ছে। শিক্ষকরা অন্য কোথাও গিয়ে চাকরি নিবে এমন অবস্থাও নেই। এ সকল শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার্থীর সংখ্যাও কোন অংশে কম নয়। শিক্ষকদের দাবি শিক্ষা প্রতিষ্ঠানগুলো যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দ্রুত এমপিওভুক্ত করা।